



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ

১২ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয় বিএনসিসি নৌ শাখায় প্রথম ক্যাডেট আন্ডার অফিসার (সিইউও) পদে পদোন্নতি

বরিশাল বিশ্ববিদ্যালয় বিএনসিসি নৌ শাখায় সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ক্যাডেট সার্জেন্ট অনুপ কুমার পাল প্রথম ক্যাডেট আন্ডার অফিসার (সিইউও) পদে পদোন্নতি পেয়েছেন। সম্প্রতি অনুষ্ঠিত ফ্লোটিলা ট্রেনিং এক্সারসাইজ ০১/২০১৬ এর সমাপনী অনুষ্ঠানে বিএনসিসি নৌ শাখার অধিনায়ক লে: কমান্ডার মোস্তফা কামাল (ট্যাজ) বিএন এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি নৌ উইং এর অধিনায়ক অসীম কুমার নন্দী সিইউও পদে পদোন্নতির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী ক্যাডেট সার্জেন্ট অনুপ কুমার পালকে সিইউও ব্যাজ পরিয়ে দেন। একই অনুষ্ঠানে স্বাধীনতা দিবস ২০১৬ রচনা প্রতিযোগিতায় প্রথম ও তৃতীয় স্থান অধিকারী বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি নৌ শাখার ক্যাডেট সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী নাসরীন জাহান ও মরিয়ম আক্তার রুবীর হাতে পুরস্কার তুলে দেন লে: কমান্ডার মোস্তফা কামাল (ট্যাজ) বিএন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

(মোঃ ফয়সল মাহমুদ রুগ্মি)

জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়